

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ২৮টি প্রতিষ্ঠানকে ২.০৪ লক্ষ টাকা জরিমানা

২৪ আগস্ট ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ১০ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, গোপালগঞ্জ, জয়পুরহাট, টাঙ্গাইল, নোয়াখালী, বরিশাল, জামালপুর ও যশোরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহিমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর কলাবাগান এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে আনন্দ রেস্টুরেন্ট এন্ড মিনি চাইনিজকে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে অলিম্পিক/বেস্ট ওয়ান ফার্মাকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকাসহ মোট ৫৪,০০০/- (চুয়ান্ন হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর সবুজবাগ এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে পুষ্টি ডেইরি ফার্ম ও বি-বাড়িয়া বেকারীকে যথাক্রমে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা করে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা এবং ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে CP ফাইভ স্টারকে ৭,০০০/- (সাত হাজার) টাকা এবং অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে আগোরাকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ৭২,০০০/- (বাহাত্তর হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামিম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকা, জয়পুরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরিফুল ইসলামের নেতৃত্বে জয়পুরহাটের কালাই উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইলের ভূয়াপুর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জয়াস চাকমার নেতৃত্বে নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৭,০০০/- (সতের হাজার) টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শাহ শোয়াইব মিয়ান নেতৃত্বে বরিশালের বন্দর থানায় ৩টি প্রতিষ্ঠানকে ৪,০০০/- (চার হাজার) টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমী রাণী মিত্রের নেতৃত্বে বরিশালের বন্দর থানায় ২টি প্রতিষ্ঠানকে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা, জামালপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে জামালপুর সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১৮,০০০/- (আঠারো হাজার) টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ৭৮,৫০০/- (আটাত্তর হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী এবং পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা ইত্যাদি অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১০টি বাজার তদারকি ও ১টি অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ২৮টি প্রতিষ্ঠানকে মোট ২,০৪,৫০০/- (দুই লক্ষ চার হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ১ জন অভিযোগকারীকে মং ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, স্যানিটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

(ফাহিমিনা আক্তার)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, গোপালগঞ্জ, জয়পুরহাট, টাঙ্গাইল, নোয়াখালী, বরিশাল, জামালপুর ও যশোর।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, গোপালগঞ্জ, জয়পুরহাট, টাঙ্গাইল, নোয়াখালী, বরিশাল, জামালপুর ও যশোর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।